রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, মার্চ ১৬, ২০২৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়**

**মজুরী বোর্ড শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৮ ফাল্গুন, ১৪৩১ বঙ্গাব্দ/৩ মার্চ ২০২৫ খ্রিষ্টাব্দ

নং **৪০.০০.০০০০.০১৬.৩২.০০৪.১৯-১০**—বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ (২০০৬ সনের ৪২ নং আইন) এর ধারা ১৪০ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার উক্ত আইনের ধারা ১৩৯ এর অধীন **"সিমেন্ট কারখানা"** শিল্প সেক্টর, অতঃপর উক্ত শিল্প সেক্টর বলিয়া উল্লিখিত, এর শ্রমিক ও কর্মচারীদের জন্য নিম্নতম মজুরি বোর্ড কর্তৃক সুপারিশকৃত নিম্নের তফসিল-ক ও তফসিল-খ তে বর্ণিত মজুরির হারকে, নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে, যথাক্রমে উক্ত শ্রমিক ও কর্মচারীর জন্য নিম্নতম মজুরি হার হিসাবে ঘোষণা করিল, যথা: —

**তফসিল "ক"**

**শ্রমিকগণের জন্য মাসিক নিম্নতম মজুরি হার**

| ক্রমিক নম্বর | শ্রমিক শ্রেণি বিভাগ (গ্রেড) ও পদবিন্যাস | মাসিক মূল মজুরি (টাকা) | বাড়ী ভাড়া ভাতা (টাকা) (মূল মজুরির ৫০%) | চিকিৎসা ভাতা (টাকা) | যাতায়াত ভাতা (টাকা) | সর্বমোট মজুরি (টাকা) |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ১। | **গ্রেড-১:**<br>১। সিনিয়র ফোরম্যান | ১৯২৪০/- | ৯৬২০/- | ১৫০০/- | ৯০০/- | ৩১২৬০/- |



মূল্য : টাকা ১২.০০

| ক্রমিক নম্বর | শ্রমিক শ্রেণি বিভাগ (গ্রেড) ও পদবিন্যাস | মাসিক মূল মজুরি (টাকা) | বাড়ী ভাড়া ভাতা (টাকা) (মূল মজুরির ৫০%) | চিকিৎসা ভাতা (টাকা) | যাতায়াত ভাতা (টাকা) | সর্বমোট মজুরি (টাকা) |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ২। | **গ্রেড-২:**<br>১। ফোরম্যান<br>২। সিনিয়র টেকনিশিয়ান<br>৩। সিনিয়র সুপারভাইজার<br>৪। সিনিয়র ইলেকট্রিশিয়ান<br>৫। সিনিয়র অপারেটর<br>৬। সিনিয়র ফিটার | ১৫০৭০/- | ৭৫৩৫/- | ১৫০০/- | ৯০০/- | ২৫০০৫/- |
| ৩। | **গ্রেড-৩:**<br>১। অপারেটর<br>২। মেকানিক্যাল ফিটার<br>৩। মেকানিক্যাল টেকনিশিয়ান<br>৪। ইলেকট্রিশিয়ান<br>৫। সুপারভাইজার<br>৬। ওয়েল্ডার | ১০৯৫০/- | ৫৪৭৫/- | ১৫০০/- | ৯০০/- | ১৮৮২৫/- |
| ৪। | **গ্রেড-৪:**<br>১। ব্যাগ পুশার<br>২। সহকারী বার্জ অপারেটর<br>৩। সহকারী ফিটার<br>৪। সহকারী বেল্ট অপারেটর<br>৫। সহকারী অপারেটর<br>৬। সহকারী সাইলো অপারেটর | ৮৪০০/- | ৪২০০/- | ১৫০০/- | ৯০০/- | ১৫০০০/- |

| ক্রমিক নম্বর | শ্রমিক শ্রেণি বিভাগ (গ্রেড) ও পদবিন্যাস | মাসিক মূল মজুরি (টাকা) | বাড়ী ভাড়া ভাতা (টাকা) (মূল মজুরির ৫০%) | চিকিৎসা ভাতা (টাকা) | যাতায়াত ভাতা (টাকা) | সর্বমোট মজুরি (টাকা) |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| | ৭। সহকারী ওয়েল্ডার<br>৮। সহকারী পেইন্টার<br>৯। সহকারী খননকারী অপারেটর<br>১০। সহকারী এস্কেভেটর অপারেটর<br>১১। সহকারী পেলোডার অপারেটর<br>১২। সহকারী প্লাম্বার<br>১৩। ডেলিভারীম্যান | | | | | |
| ৫। | **গ্রেড-৫:**<br>১। জুনিয়র অপারেটর<br>২। জুনিয়র সুপারভাইজার<br>৩। জুনিয়র টেকনিশিয়ান<br>৪। জুনিয়র ওয়েল্ডার<br>৫। জুনিয়র ইলেকট্রিশিয়ান<br>৬। জুনিয়র রিগ্যার<br>৭। সহকারী ব্যাগ পুশার<br>৮। জুনিয়র প্লাম্বার<br>৯। জুনিয়র পেইন্টার<br>১০। জুনিয়র খননকারী অপারেটর<br>১১। জুনিয়র এস্কেভেটর অপারেটর | ৬৭৫০/- | ৩৩৭৫/- | ১৫০০/- | ৯০০/- | ১২৫২৫/- |

| ক্রমিক নম্বর | শ্রমিক শ্রেণি বিভাগ (গ্রেড) ও পদবিন্যাস | মাসিক মূল মজুরি (টাকা) | বাড়ী ভাড়া ভাতা (টাকা) (মূল মজুরির ৫০%) | চিকিৎসা ভাতা (টাকা) | যাতায়াত ভাতা (টাকা) | সর্বমোট মজুরি (টাকা) |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| | ১২। জুনিয়র পেলোডার অপারেটর<br>১৩। জুনিয়র ফিটার<br>১৪। জুনিয়র ডেলিভারীম্যান | | | | | |
| ৬। | **গ্রেড-৬:**<br>১। হেলপার<br>২। জুনিয়র ব্যাগ পুশার<br>৩। জুনিয়র বার্জ অপারেটর<br>৪। ওয়েট ব্রীজ অপারেটর<br>৫। কন্ট্রোল রুম অপারেটর<br>৬। অটো মেকানিক্স<br>৭। জুনিয়র ভাইব্রেটিং এট্যানডেন্ট<br>৮। লিফট অপারেটর | ৬৪০০/- | ৩২০০/- | ১৫০০/- | ৯০০/- | ১২০০০/- |
| ৭। | শিক্ষানবিশ শ্রমিক: | (ক) শিক্ষানবিশিকাল ৩ (তিন) মাস। তবে শর্ত থাকে যে, একজন শ্রমিকের ক্ষেত্রে শিক্ষানবিশিকাল আরও ৩ (তিন) মাস বৃদ্ধি করা যাইবে, যদি কোনো কারণে প্রথম ৩ (তিন) মাস শিক্ষানবিশিকালে তাহার কাজের মান নির্ণয় করা সম্ভব না হয়।<br>(খ) শিক্ষানবিশিকালে শিক্ষানবিশ শ্রমিক মাসিক সর্বসাকুল্যে =৮৮০০/- (আট হাজার আটশত) টাকা প্রাপ্ত হইবেন।<br>(গ) শিক্ষানবিশিকাল সমাপ্ত হইবার পর শিক্ষানবিশ শ্রমিক সংশ্লিষ্ট গ্রেডের স্থায়ী শ্রমিক হিসাবে নিযুক্ত হইবেন। | | | | | |

## তফসিল "খ"

### কর্মচারীগণের জন্য মাসিক নিম্নতম মজুরি হার

| ক্রমিক নম্বর | কর্মচারী শ্রেণি বিভাগ (গ্রেড) ও পদবিন্যাস | মাসিক মূল মজুরি (টাকা) | বাড়ী ভাড়া ভাতা (টাকা) (মূল মজুরির ৫০%) | চিকিৎসা ভাতা (টাকা) | যাতায়াত ভাতা (টাকা) | সর্বমোট মজুরি (টাকা) |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ১। | **গ্রেড-১:**<br>১। স্টোর কিপার<br>২। সার্ভেয়ার | ১৩৪০০/- | ৬৭০০/- | ১৫০০/- | ৯০০/- | ২২৫০০/- |
| ২। | **গ্রেড-২:**<br>১। সহকারী এডমিন<br>২। সহকারী স্টোর কিপার | ১১৭৫০/- | ৫৮৭৫/- | ১৫০০/- | ৯০০/- | ২০০২৫/- |
| ৩। | **গ্রেড-৩:**<br>১। রেকর্ড কিপার<br>২। ট্রলিম্যান | ১০৯০০/- | ৫৪৫০/- | ১৫০০/- | ৯০০/- | ১৮৭৫০/- |
| ৪। | **গ্রেড-৪:**<br>১। ফুয়েল পাম্প অপারেটর<br>২। ড্রাইভার<br>৩। বাবুর্চি (কুক) | ৯২৫০/- | ৪৬২৫/- | ১৫০০/- | ৯০০/- | ১৬২৭৫/- |
| ৫। | **গ্রেড-৫:**<br>১। অফিস সহকারী<br>২। কেয়ারটেকার<br>৩। সূক্ষ্মতা পরীক্ষক<br>৪। স্টোর সহকারী<br>৫। টালি ক্লার্ক/ চেকার<br>৬। মালী<br>৭। বোটম্যান<br>৮। সহকারী ফুয়েল পাম্প অপারেটর<br>৯। সহকারী ট্রলিম্যান | ৬৭৫০/- | ৩৩৭৫/- | ১৫০০/- | ৯০০/- | ১২৫২৫/- |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ৬। | **গ্রেড-৬:**<br>১। ল্যাব সহকারী<br>২। সহকারী কুক<br>৩। সহকারী মালী<br>৪। অফিস পিয়ন<br>৫। ফিজিক্যাল এনালিষ্ট<br>৬। নমুনা সংগ্রাহক<br>৭। ক্লিনার<br>৮। সিকিউরিটি গার্ড/ দারোয়ান<br>৯। সুইপার<br>১০। টুলস কিপার | ৬৪০০/- | ৩২০০/- | ১৫০০/- | ৯০০/- | ১২০০০/- |
| ৭। | শিক্ষানবিশ কর্মচারী: | (ক) শিক্ষানবিশিকালে শিক্ষানবিশ কর্মচারী মাসিক সর্বসাকুল্যে = ৮৮০০/- (আট হাজার আটশত) টাকা প্রাপ্ত হইবেন।<br>(খ) শিক্ষানবিশিকাল ০৬ (ছয়) মাস।<br>(গ) শিক্ষানবিশিকাল সমাপ্ত হইবার পর শিক্ষানবিশ কর্মচারী সংশ্লিষ্ট গ্রেডের স্থায়ী কর্মচারী হিসাবে নিযুক্ত হইবেন। | | | | |

**শর্তাবলি:**

১। তফসিল-ক ও তফসিল-খ এ উল্লিখিত নিম্নতম মজুরি হার বাংলাদেশে অবস্থিত সকল এলাকার "সিমেন্ট কারখানা" শিল্প সেক্টরের জন্য প্রযোজ্য হইবে।

২। তফসিল-ক ও তফসিল-খ এ উল্লিখিত পদের অতিরিক্ত কোনো পদ সংশ্লিষ্ট শিল্পে পূর্ব হইতে বিদ্যমান অথবা পরবর্তীতে সংযোজিত হইলে উহা যথাযথ শ্রেণিতে/গ্রেডে অন্তর্ভুক্ত করা যাইবে।

৩। উল্লিখিত তফসিলে শ্রমিক ও কর্মচারীগণ বর্তমানে যে গ্রেডে কর্মরত আছেন সেই গ্রেডেই তাহাকে স্থলাভিষিক্ত করিয়া এই মজুরি কাঠামোর সহিত সমন্বয়পূর্বক তাহার মজুরি নির্ধারণ করিতে হইবে। কোনো শ্রমিক ও কর্মচারীকে নিম্নতর গ্রেডভুক্ত করা যাইবে না।

৪। সরকার কর্তৃক প্রজ্ঞাপন জারির পর হইতে উক্ত শিল্প সেক্টরের মালিকগণ তফসিলে উল্লিখিত পদবিন্যাস অনুযায়ী শ্রমিক ও কর্মচারীকে যথাযথ পদে সন্নিবেশিত করিয়া সংশ্লিষ্ট মজুরি রেজিস্টারভুক্তকরত মজুরি স্লিপ প্রদান করিবেন।

৫। তফসিল "ক" ও তফসিল "খ" এ উল্লিখিত মজুরি মাসিক নিম্নতম মজুরি হিসাবে গণ্য হইবে এবং উক্ত নিম্নতম মজুরি অপেক্ষা কম মজুরি প্রদান করা যাইবে না।

এছাড়া উক্ত নিম্নতম মজুরি অপেক্ষা অধিকহারে মজুরি প্রদত্ত হইয়া থাকিলে তাহা হ্রাস করা যাইবে না।

৬। নিয়োগকর্তা বা মালিকপক্ষ ইচ্ছা করিলে স্ব-উদ্যোগে/এককভাবে বা শ্রমিকপক্ষের সাথে যৌথ উদ্যোগে সম্পাদিত চুক্তি অনুযায়ী কোনো শ্রমিক/কর্মচারীগণকে অধিক হারে মজুরি প্রদান করিতে পারিবেন।

৭। উক্ত শিল্প সেক্টরে কোনো শ্রমিক ঠিকাদারের মাধ্যমে নিয়োজিত হইয়া মজুরি প্রাপ্ত হইয়া থাকিলে, উক্ত শ্রমিকও, "বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ২(৬৫)" অনুযায়ী "শ্রমিক" বলিয়া গণ্য হইবেন। কোনো শ্রমিকের ঠিকাদারের নিকট প্রাপ্য পাওনাদির ক্ষেত্রে, সমস্যা সৃষ্টি হইলে তাহার দায়দায়িত্ব মালিকপক্ষের উপর বর্তাইবে। ঠিকাদার, সরকার কর্তৃক শ্রমিকের জন্য ঘোষিত নিম্নতম মজুরি অপেক্ষা কম মজুরি কোনোক্রমেই প্রদান করিতে পারিবেন না।

৮। শর্ত (৭) এ উল্লিখিত নিয়োগকারী ঠিকাদার, "বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ১২১, ধারা ১৫০ এবং ধারা ১৬১" এর বিধান মোতাবেক মালিকের ন্যায় একইরূপ ব্যবস্থা গ্রহণ করিবেন।

৯। উক্ত শিল্প সেক্টরের কোনো মালিক যদি সংশ্লিষ্ট শ্রমিককে ফুরন ভিত্তিক (Piece rate) অথবা দৈনিক ভিত্তিক মজুরি প্রদান করিয়া থাকেন, তবে তফসিলে উল্লিখিত হারে ও উপরি-উক্ত শর্তাধীনে মজুরির হার এইরূপে সংশোধন করিতে হইবে, যাহাতে তাহারা বিভিন্ন শ্রেণিভুক্ত শ্রমিকের জন্য নির্ধারিত নিম্নতম মজুরি অপেক্ষা, কম মজুরি প্রাপ্ত না হন।

১০। উল্লিখিত তফসিলে নিম্নতম মজুরি ও বিভিন্ন ভাতাদি ছাড়াও শ্রমিক/কর্মচারীগণ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে অন্যান্য যে সকল অধিকার, সুযোগ-সুবিধা ও ভাতা পাইয়া থাকেন, তাহা, "বাংলাদেশ শ্রম আইন, ২০০৬" এর ধারা ২(১০), ধারা ১০৮ এবং ধারা ৩৩৬ এর বিধান মোতাবেক বলবৎ থাকিবে।

১১। উল্লিখিত তফসিলে "নিম্নতম মজুরি" সমন্বয়সহ ০১ (এক) বৎসরের কর্মকাল অতিক্রান্তে শ্রমিক/কর্মচারীগণের মূল মজুরি ইতোমধ্যে প্রাপ্ত মজুরির ৫% হারে বৃদ্ধি পাইবে। পরবর্তী বৎসরেও উহা একই হারে বৃদ্ধি পাইতে থাকিবে। ব্যাখ্যা: যদি একজন শ্রমিকের মূল মজুরি ৬৪০০/- (ছয় হাজার চারশত) টাকা হয়; তবে এক বৎসর কর্মরত থাকার পর তাহার বাৎসরিক মজুরি ৫% হারে বৃদ্ধি পাইয়া মূল মজুরি ৬৭২০/- (ছয় হাজার সাতশত বিশ) টাকা হইবে। পরবর্তী বৎসরে ক্রমবর্ধমান হারে পুনরায় ৫% হারে বৃদ্ধি পাইবে। অর্থাৎ মূল মজুরি ৬৭২০/- (ছয় হাজার সাতশত বিশ) টাকার ৫% বৃদ্ধি পাইয়া ৭০৫৬/- (সাত হাজার ছাপ্পান্ন) টাকা হইবে।

১২। উক্ত শিল্প সেক্টরে নিযুক্ত শ্রমিক/কর্মচারীগণ "বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এবং বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫" এর সংশ্লিষ্ট ধারা ও বিধি অনুযায়ী ভাতাদি এবং অন্যান্য সুবিধাদি পাইবেন।

১৩। এই প্রজ্ঞাপনে কোনো অংশ বাংলাদেশে প্রচলিত "বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এবং বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫" এর সহিত সাংঘর্ষিক হইলে উক্ত অংশ বাতিল বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ শামছুল ইসলাম**
উপসচিব।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd